

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- (৫২৯)

তারিখঃ ১৮/১১/১৯শ্রিঃ

বিষয়ঃ আদায়কৃত সেবামূল্যের হিস্যা অনুযায়ী অর্জিত আয় থেকে বেতন-ভাতা পরিশোধ।  
সূত্রঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২২.১৮.৮৯, তারিখঃ ০৭/০৮/১৮শ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের মেয়াদ বিগত ৩০/০৬/২০১৮শ্রিঃ তারিখে সমাপ্ত হওয়ার পর এর কার্যক্রম কর্মসূচি আকারে চলমান রয়েছে। কর্মসূচি আকারে চলাকালীন সরকার হতে কোন প্রকার তহবিল/ অনুদান প্রাপ্তির সুযোগ নেই। বিতরণকৃত ঋণের বিপরীতে আদায়কৃত সেবামূল্যের পরিচালন ব্যয় (৮% এর মধ্যে ৬.৫%) খাতে অর্জিত আয় হতে ব্যয় নির্বাহ করার নির্দেশনা প্রদান করা হয় এবং বেতন-ভাতা খাতে পদওয়ানী অর্জিত আয়ের হিস্যা নির্ধারণ ও সংরক্ষনের জন্য সূত্রস্থ স্মারকে নমুনা ছক প্রদান করা হয়। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন উপজেলায় বেতন-ভাতা পরিশোধের ক্ষেত্রে পদওয়ানী অর্জিত আয়ের হিস্যা নমুনা ছক মোতাবেক হিসাব না করেই বেতন-ভাতা পরিশোধ করা হচ্ছে। এতে করে আয়ন-ব্যয়ন কর্মকর্তার অজান্তে অর্জিত আয় বহির্ভূত তহবিল ( দায়মুক্ত+দায়যুক্ত) অবক্ষয়ের সুযোগ সৃষ্টি হবে। তাছাড়া প্রতি মাসের শুরুতে পূর্ববর্তী মাসের অর্জিত আয়ের পরিচালন ব্যয়ের অংশ (৮% এর ৬.৫%) বেতনভাতা সংক্রান্ত ব্যাংক হিসাবে স্থানান্তরপূর্বক ব্যয় নির্বাহ করা হলে তহবিল অবক্ষয় রোধ করা সম্ভব।

এমতাবস্থায় বেতন-ভাতা খাতে অর্জিত আয়ের হিস্যা মাসিক ভিত্তিতে সংযুক্ত নমুনা ছক মোতাবেক কর্মচারীদের বিপরীতে সংরক্ষণপূর্বক বেতন-ভাতা পরিশোধ এবং প্রতি মাসের শুরুতে পূর্ববর্তী মাসের অর্জিত আয়ের পরিচালন ব্যয়ের অংশ (৮% এর ৬.৫%) বেতনভাতা সংক্রান্ত ব্যাংক হিসাবে স্থানান্তরপূর্বক ব্যয় নির্বাহ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও কোন অবস্থাতেই প্রকল্প পরিচালকের অনুমোদন ব্যতীত অর্জিত আয় না থাকা সত্ত্বেও/দায়মুক্ত/ অন্য কোন তহবিল হতে বেতন-ভাতা পরিশোধ বা অন্য কোন প্রকার ব্যয় নির্বাহ না করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

১৮/১১/২০১৯শ্রিঃ

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম

প্রকল্প পরিচালক (ইরেসপো)

০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি... (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- (৫২৯)

তারিখঃ ১৮/১১/১৯শ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. উপপরিচালক, বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা ( বিআরডিবি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো) বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)
৭. অফিস নথি/ গার্ড ফাইল।

১৪.১১.১৭

আল-আমিন

সহকারী পরিচালক (ইরেসপো)